[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এলাকার নওদাগা গ্রামে এঘটনা ঘটে।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে নিহতের মরদেহ উদ্ধার করেছে। দুই সন্তানের জননী গৃহবধূ সোনিয়া ওই গ্রামের আলমসাধু চালক ইয়াদুল ইসলামের স্ত্রী।

স্থানীয় সূত্রে জানা যায়, পারিবারিক কলহের কারনে ইয়াদুল তার স্ত্রীকে নিয়ে একই এলাকার শাবু মৃধার বাসায় ভাড়া থাকতেন। মঙ্গলবার বিকালে ঘরের টিনের বাশেঁর সঙ্গে গলায় রশি দিয়ে আত্মহত্যা করে। পরে পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে।

মৃতের স্বামী জানায়, দীর্ঘদিন যাবত আমার স্ত্রী অসুস্থ্য থাকায় সড়কের পাশেই একটি ভাড়া বাসায় বসবাস করছি। সকালে আলমসাধু ভাড়া নিয়ে আমি বাহিরে চলে যায়।

বিকালে খবর পায় আমার স্ত্রী গলায় রঁশি দিয়ে ফাঁস দিয়েছে। নিহতের মামা নাসির উদ্দিন বলেন, আমার ভাগ্নী অসুস্থ্য থাকায় মানসিক ভাবে ভেঙ্গে পড়ে আত্মহত্যা করেছে। এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

মেহেরপুর জেলা ছাত্রদলের বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মুক্তি ও বিদেশে উন্নত চিকিৎসার জন্য মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

বুধবার বিকেলে মেহেরপুর পৌর ঈদগাহ পাড়াস্থ জেলা বিএনপি কার্যালয়ের সামনে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশে সভাপতিত্ব করেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমজাদ হোসেন। জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা

বিএনপি’র সহ সভাপতি ওমর ফারুক লিটন, যুগ্ম সাধারণ সম্পাদক প্রভাষক ফয়েজ মোহাম্মদ, জেলা যুবদলের সহ সাধারণ সম্পাদক হুজাইফা ডিকলিয়ার।

এসময় বক্তারা বলেন, আমরা জানি, আমাদের গণতন্ত্রের মা দেশনেত্রী বেগম খালেদা জিয়া গুরুতর অসুস্থ। চিকিৎসকরাও তাকে জরুরি ভিত্তিতে বিদেশে চিকিৎসা নেয়ার পরামর্শ দিয়েছেন। কিন্তু সরকার প্রতিহিংসার বশবর্তী হয়ে তাকে বিদেশে চিকিৎসা নিতে যেতে দিচ্ছে না। খালেদা জিয়ার কিছু হলে তার দায় অবশ্যই সরকারকে নিতে হবে। তাকে দেশের বাইরে নেয়া হলে সরকারের এই ঘৃণিত কাণ্ড ধরা পড়ে যাবে এই ভয়েই সরকার দেশনেত্রী আমাদের মা বেগম খালেদা জিয়াকে দেশের বাইরে যেতে দিচ্ছে না।

বক্তারা আরও বলেন, বর্তমান সরকার খালেদা জিয়াকে রাজনীতি থেকে সরিয়ে দেওয়ার নীলনকশা বাস্তবায়ন করছে। এর অংশ হিসেবে খালেদা জিয়াকে সুচিকিৎসার জন্য বিদেশে যাওয়ার অনুমতি দিচ্ছে না। সরকার আইনের দোহাই দিয়ে খালেদা জিয়াকে ক্রমশ মৃত্যুর দিকে ঠেলে দিচ্ছে। তাই অবিলম্বে খালেদা জিয়াকে চিকিৎসার জন্য বিদেশে পাঠানোর অনুমতি দিতে হবে। পাশাপাশি তাঁর বিরুদ্ধে দায়ের করা সব মামলা প্রত্যাহারের দাবি জানান।

এসময় বিএনপি নেতা সিরাজ উদ্দিন, ইউনুস আলী, করিম উদ্দিন, জেলা যুবদলের সদস্য খাইরুল ইসলাম, যুবদল নেতা ইসমাইল হোসেন, মুজিবনগর উপজেলা যুবদল নেতা এরশাদ আলী, ইদ্রিস আলী, জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, সহ-সাংগঠনিক সম্পাদক লিটন উদ্দিন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের নেতা ইয়াসিন, আমঝুপি ইউনিয়ন ছাত্রদলের নেতা আলিফ, বাগোয়ান ইউনিয়ন ছাত্রদল নেতা বাসিম, কুতুবপুর ইউনিয়ন ছাত্রদল নেতা স্বপন হোসেন,জেলা নবীন দলের সাধারণ সম্পাদক আনোয়ার শেখ সহ জেলা বিএনপি, যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা সমাবেশে উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেম্বারকে পেটালো পরাজিত মেম্বারের সমর্থকরা

ঝিনাইদহের কালীগঞ্জে পরাজিত মেম্বার প্রার্থীর সমর্থকরা পিটিয়ে জখম করেছে বিজয়ী প্রার্থী তার ভাই ও বাবাকে। ঘটনাটি ঘটেছে সোমবার দিবাগত রাত ৯টার দিকে উপজেলার কাষ্টাভাঙ্গা ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সাতগাছিয়া গ্রামে। আহত মেম্বার মোঃ রাশেদুল ইসলাম একই ওয়ার্ডের তেতুলবাড়িয়া গ্রামের আতিয়ার শেখের ছেলে।

ঘটনার সময় ওই ওয়ার্ডের বিজয়ী মেম্বার রাশেদুল ইসলাম নির্বাচনী ওয়ার্ডের সাতগাছিয়া গ্রামে মোঃ জুম্মন নামে অসুস্থ্য এক ব্যক্তিকে দেখতে যান। তার বাড়ির পাশে দাড়িয়ে অসুস্থ্য ব্যক্তির সাথে কথা বলছিলেন। এসময় পরাজিত মেম্বার মোঃ কোরবান আলীর সমর্থকরা তার উপর হামলা চালায়। হামলাকারীদের ধারালো দায়ের কোপে রাশেদুলে ডান পা কেটে যায়। রাশেদুল ও অসুস্থ্য জুম্মন দ্রুত একটি ঘরে আশ্রয় নেন। হামলাকারীরা রাশেদের সাথে থাকা ভাই রফিকুল ইসলাম, বাবা আতিয়ার রহমান ও প্রতিবেশি মোমিনুর রহমানকে পিটিয়ে জখম করে।

খবর পেয়ে বারোবাজার ফাড়ির পুলিশ ঘটনাস্থলে পৌছে রাতেই আহতদের উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। এরমধ্যে দু’জনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হয়। বাকি দুইজন মেম্বার রাশেদ ও তার বাবা আতিয়ার হাসপাতালে ভর্তি রয়েছে।

আহত নবনির্বাচিত ইউপি মেম্বার রাশেদুল ইসলাম জানান, আমি বিগত সময়েও নির্বাচিত মেম্বার ছিলাম। ২৮ নভেম্বর ইউপি নির্বাচিনে জয়ী হওয়ার পরের দিন অসুস্থ্য কর্মীকে দেখতে গেলে পরাজিত মেম্বার প্রার্থী কোরবানের সমর্থকরা হত্যার উদ্দ্যেশে হামলা করে। এসময় কোন রকমে পাশের একটি ঘরে আশ্রয় নিলে সেখানে তারা হামলা করে ভাংচুর করে।

বারোবাজার পুলিশ ফাড়ির আইসি মোকলেছুর রহমান জানান, রাতে সংবাদ পাওয়ার পর আমরা ঘটনাস্থলে পৌছে মেম্বারসহ আহতদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করার ব্যবস্থা করি তবে এ ঘটনায় এখনো কোন মামলা হয়নি।

মুজিবনগরে কৃষি প্রণোদনার আওতায় ধানের বীজ ও সার বিতরণ শুরু

মেহেরপুরের মুজিবনগরে উপজেলা কৃষি অফিসের উদ্যোগে কৃষি প্রণোদনার আওতায় আগামী বোরো মৌসুমের জন্য কৃষকদের মাঝে উচ্চফলনশীল জাতের ধান বীজ ও সার বিতরণ শুরু করেছে কৃষি বিভাগ। বুধবার সকালে উপজেলা কৃষি অফিসার আনিছুজ্জামান খাঁন বীজ ও সার বিতরণের উদ্বোধন করেন।

উপজেলা কৃষি অফিসের তথ্য মতে, আগামী বোরো মৌসুমে কৃষি প্রণোদনার আওতায় পর্যায় ক্রমে উপজেলার ৩৮০ জন কৃষকের মাঝে ৩৮০ বিঘা জমির জন্য ৫ কেজি উচ্চফলনশীল ব্রী ধান -৮১,৮৪,৮৯ ও বিনা-১০ ধান বীজ এবং ১০ কেজি করে ডিএপি ও এমওপি সার বিতরণ করা হবে। গত বোরো মৌসুমে উপজেলার ৩১৫০ হেক্টর জমিতে বোরো ধানের চাষ হয় এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৮৯০০ মেট্রিক টন ধান উৎপাদন হয়। এবারের বোরো মৌসুমে উপজেলার ৩৩৩০ হেক্টর জমিতে উচ্চ ফলনশীল বোরো ধান চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এই জমি থেকে ১৯৯৮০ মেট্রিক টন ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

গত বোরো মৌসুমের তুলনায় এবারের বোরো মৌসুমে ১৮০ হেক্টর বেশি জমিতে ধান চাষ করা হবে এবং ১০৮০ মেট্রিক টন বেশি ধান উৎপাদন হবে বলে আশা করছে উপজেলা কৃষি অফিস।

চুয়াডাঙ্গায় বৃদ্ধার শরীরে বিষ

প্রয়োগ করে হত্যার অভিযোগ

চুয়াডাঙ্গা সদর উপজেলার ইনজেকশনের মাধ্যমে বিষ প্রয়োগ করে বৃদ্ধার হত্যার অভিযোগ উঠেছে।শামসুল শেখ নামের এই বৃদ্ধকে হত্যার অভিযোগ উঠেছে নাত জামাইয়ের বিরুদ্ধে। বুধবার সকাল সাড়ে দশটার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। তার মরদেহ ময়না তদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে। মারা যাওয়া শামসুল শেখ (৭৫) চুয়াডাঙ্গা পৌর এলাকার বেলগাছি ঈদগাহ পাড়ার মৃত করীম শেখের ছেলে।

শামসুল শেখের স্ত্রী সুফিয়া বেগম জানান, দেড় বছর আগে দামুড়হুদা উপজেলার দলিয়ারপুর গ্রামের হাসান আলীর সাথে আমার নাতনী কমলা খাতুনের বিয়ে হয়। হাসান আলী তার সাথে খারাপ আচরণ ও শারীরিক নির্যাতন করায় তাকে ডিভোর্স দেয় কমলা। তারপর থেকে কমলা খাতুন আমাদের বাড়িতেই থাকতো। গেল ৩ মাস আগে কমলাকে ফুসলিয়ে নিয়ে পুনরায় বিয়ে করে হাসান।

তিনি আরও জানান, গত সোমবার হাসান আমাদের বাড়িতে আসলে আমাদের সাথে তার বাগবিতণ্ডা হয়। রাতে আমার স্বামী ঘরের বারান্দায় ঘুমিয়ে ছিল। এসময় হাসান আমার স্বামীর ঘাড়ে ইনজেকশনের সিরিঞ্জ ফুটিয়ে দিয়ে পালিয়ে যায়। কিছুক্ষণ পর আমার স্বামী অসুস্থ হয়ে পড়েলে রাত ১ টার দিকে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করা হয়। আজ সকালে মারা গেছেন তিনি। আমার স্বামী জীবিত অবস্থায় বলেছিলন, তার নাত জামাই হাসান সিরিঞ্জের ভিতর বিষ দিয়ে তার ঘাড়ে ফুটিয়ে দেয়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সাজিদ হাসান জানান, বিষক্রিয়ায় কারণে শামসুল শেখের মৃত্যু হয়েছে।ময়নাতদন্ত করলে আসল ঘটনা বেরিয়ে আসবে।

এ বিষয়ে চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মহসীন জানান, শামসুল শেখের মৃতদেহ সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে। ওই ঘটনায় এখনও কোন অভিযোগ করেনি তার পরিবার। অভিযোগ পেলে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর পতাকা প্রদক্ষিণ র্যালী

মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে মেহেরপুর জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উদ্যোগে পতাকা প্রদক্ষিণ র্যালীর আয়োজন হয়েছে।

আজ বুধবার সকাল ১০ টার সময় জেলা আনসার ও ভিডিপি অফিস প্রাঙ্গণ থেকে শুরু করে ৫০ জন আনসার ভিডিপি সদস্য ৫০ টি পতাকা ও ৫০ ফিট লম্বা একটি জাতীয় পতাকা নিয়ে র্যালীতে অংশ গ্রহণ করেন।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলা কমান্ড্যান্ট রকিবুল ইসলাম এর নেতৃত্বে র্যালীতে উপস্থিত ছিলেন, সদর উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ইসরাফিল হোসেন সহ মেহেরপুর জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যরা।

র্যালীটি মেহেরপুর জেলা আনসার ও ভিডিপি অফিস প্রাঙ্গণ থেকে শুরু হয়ে স্টেডিয়াম সড়ক, কলেজ মোড়, বাস স্ট্যান্ড সড়ক হয়ে একই স্থানে গিয়ে শেষ হয়।

কোটচাঁদপুরে শহীদ বুদ্ধিজীবি ও বিজয় দিবসের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

শহীদ বুদ্ধিজীবি ও মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে নির্বাহী অফিসার মোঃ

দেলোয়ার হোসেনের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি। সভায় যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবি ও মহান বিজয় দিবস-২০২১ উদযাপনের প্রস্তুতি বিষয়ক আলোচনা করা হয়।

এ সময় সভায় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, উপজেলা কুষি অফিসার মহাসিন আলী, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, পৌরসভার প্যানেল মেয়র মোঃ জাহিদ হোসেন, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, আ.লীগ নেতা কাজী আলমগীর, উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক,সাংবাদিক সহ নানা শ্রেণী পেশার মানুষ।

ঝিনাইদহে কৃষকদের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে ৬ হাজার ৮০০ কৃষকদের মাঝে বিনামুল্যে রাসায়নিক সার ও উচ্চ ফলনশীল ধানবীজ বিতরণ করা হয়েছে। মঙ্গলবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি বিভাগের আয়োজনে এ প্রনোদনা বিতরণ করা হয়।

সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত।

অনুষ্ঠান পরিচালনা করেন সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জুনাইদ হাবীব। কৃষি বিভাগ জানান, সরকারের রবি মৌসুমে প্রনোদনা কর্মসূচীর আওতায় বোরো উচ্চ ফলনশীল আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সদর উপজেলার ৬ হাজার ৮০০ কৃষকের প্রত্যেককে ২০ কেজি রাসায়নিক সার ও ৫ কেজি ধান বীজ বিতরণ করা হয়।